বেকার যুবক ও যুবনারী, অনগ্রসর জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন তথ্য-প্রযুক্তির জ্ঞান বৃদ্ধি, জনশক্তিকে জনসম্পদে রুপান্তরের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ও **ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটির মধ্যে** সমঝোতা স্মারক

**(Memorandum of Understanding)**

**যুব উন্নয়ন অধিদপ্তর**

এবং

**ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটি**
**(আইটি ভিশন সোসাইটি) :**

০১ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঢ ০০৪২৩৭৩

## (Memorandum of Understanding)

**যুব উন্নয়ন অধিদপ্তর**

**এবং**

**ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটির**

**যুব উন্নয়ন অধিদপ্তর :** বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুবসমাজের উন্নয়ন একটি গুরুত্বপূর্ণ অধিদপ্তর, যার ঠিকানা-যুব ভবন, ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ এবং আত্মকর্মসংস্থানে নিয়োজিত যুবদেরকে বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ এবং আর্থিক সহায়তা প্রদান করে থাকে। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ৬৪টি জেলায় প্রাতিষ্ঠানিক ও ৪৯৬টি উপজেলা (১০টি মেট্রোপলিটন ইউনিট থানাসহ) অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে এবং প্রশিক্ষিত যুবদের সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চারমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর যুবক ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ দিয়ে তাদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী করছে।

**ইনফরমেশন টেকনিক্যাল সোসাইটি (আইটি ভিশন সোসাইটি) :**

আইটি ভিশন সোসাইটি বাংলাদেশে নিবন্ধিত (নিবন্ধন নং এস-৭৩৯৭(৫৮৬)/০৮ ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটি (আইটি ভিশন সোসাইটি) একটি অরাজনৈতিক, বেসরকারি, স্বেচ্ছাসেবী ও দাতব্য প্রতিষ্ঠান। এটি বাংলাদেশের সুবিধাবঞ্চিত প্রান্তিক জনগোষ্ঠীর যুবদের জীবনযাত্রার মান উন্নয়নে ও প্রযুক্তি জ্ঞান সম্পন্ন জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ।

প্রতিষ্ঠানটি বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠা ও সমাজের সর্বস্তর থেকে দারিদ্র্য বিমোচনের ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দীর্ঘদিন যাবৎ দেশের প্রত্যন্ত অঞ্চলে যুবক ও যুবাদের তথ্যসহ কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জনশক্তিকে জনসম্পদ হিসেবে গড়ে তোলে। আত্মকর্মসংস্থান সৃষ্টিতে চেষ্টা চালিয়ে যাচ্ছে। বর্তমান গণতান্ত্রিক সরকারের ডিজিটাল বাংলাদেশ ও ডিজিটাল পদ্ধতিতে শিক্ষা প্রদানে এই প্রতিষ্ঠানটির ক্ষুদ্র প্রয়াস অনেকের দৃষ্টি আকর্ষন করেছে।

প্রতিষ্ঠানটি ১৬ সেপ্টেম্বর ২০১৯ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ সরকারের বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (জনপ্রশাসন মন্ত্রণালয়) এর সাথে সংস্থার কার্যক্রম বিষয়ে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী একটি সমঝোতা স্মারকের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে আসছে।

উল্লেখ্য, আইটি ভিশন সোসাইটিকে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ৫৮টি কম্পিউটার ল্যাব ব্যবহার করে প্রশিক্ষণ প্রদানের জন্য অনুমতি দিয়েছে যার স্মারক নং-৫৬.১০৭.০২৫.০০.০০.৫০৯.২০১২-৪৩১, তাং ২৮.০২.২০১৩খ্রি.।

প্রতিষ্ঠানটির ১৩টি (তের)টি জেলায় ১৮ (আঠার) টি অত্যাধুনিক ডিজিটাল কারিগরি প্রশিক্ষণ ল্যাব চালু আছে। এছাড়াও ২ (দুই) টি পাবলিকেশন বিশ্ববিদ্যালয়, ক) বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় খ) হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ১ (এক)টি শিক্ষা বোর্ড (দিনাজপুর), বাংলাদেশ পুলিশের ঢাকা ও সিলেট রেঞ্জে সাধারণ পুলিশ সদস্য কর্মকর্তা, ২০(বিশ)টি সরকারি কলেজ, ২৩(তেইশ)টি বেসরকারি কলেজে যৌথ উদ্যোগে, আইটি ও কারিগরি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এতে ৮২,৪২৫ (বিরাশি হাজার চার শত পঁচিশ) জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। মোট প্রশিক্ষণার্থীর ৪৪.৩৩% আত্মকর্মসংস্থানে নিয়োজিত হয়েছে।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঢ ০০৪২৩৭৪

প্রতিষ্ঠানটি ১৪ অক্টোবর ২০১৪ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর এর সাথে সংস্থার কার্যক্রম বিষয়ে ৫ (পাঁচ) বৎসর মেয়াদী একটি সমঝোতা স্মারকের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করে ৯১১৭ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষিত করে। তারমধ্যে ৩৯০০ জন আত্মকর্মী ও চাকুরীতে যোগদান করে। ২০১৭ সালে বিভিন্ন যুব কার্যক্রমে সক্রিয় ও ফলপ্রসূ অংশগ্রহণ করে বিশেষ অবদান রাখার জন্য আইটি ভিশন সোসাইটি ৪(চার)টি জেলা গাজীপুর, নরসিংদী, দিনাজপুর ও হবিগঞ্জ শাখাকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর শ্রেষ্ঠ বেসরকারি প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃতি প্রদান করেছেন।

যুব উন্নয়ন অধিদপ্তর এবং আইটি ভিশন সোসাইটির লক্ষ্য ও উদ্দেশ্য এক ও অভিন্ন। তাছাড়া, আইটি শিক্ষার গুরুত্ব ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে এবং কর্মসংস্থানের সৃষ্টি এক্ষেত্রে উভয় প্রতিষ্ঠান যৌথভাবে কাজ করলে অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসংস্থানের সৃষ্টি, দারিদ্র বিমোচন তথা অর্থনীতিতে অবদান রাখতে সহায়ক হবে।

**সমঝোতা স্মারকের উদ্দেশ্যবলী :**

ক. বেকার যুবক ও যুবনারীদের প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করা।

খ. তথ্য প্রযুক্তি জ্ঞান সম্পন্ন জাতি গঠন ও কারিগরি বিষয়ে দক্ষ মানবসম্পদ তৈরী।

গ. প্রশিক্ষিত দক্ষ মানবসম্পদের জন্য দেশ ও বিদেশে কর্মসংস্থান সৃজন ও SDG কর্মসূচি বাস্তবায়নে সরকারকে সহায়তা করা।

ঘ. সুবিধাবঞ্চিত মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন।

**আইটি ভিশন সোসাইটি করণীয় :**

১. আইটি ভিশন সোসাইটি প্রশিক্ষক, ইউটিলিটি ইত্যাদির খরচ বহন করবে।

২. সোসাইটির নিজ খরচে সুবিধাবঞ্চিত প্রান্তিক জনগোষ্ঠীর যুবদের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করবে।

৩. আইটি ভিশন সোসাইটি প্রশিক্ষণ কোর্স পরিচালনা বিষয়ক তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ে সরবরাহ করবে।

৪. প্রশিক্ষণ কোর্স উদ্বোধন অনুষ্ঠানে আইটিভিশন সোসাইটি সংশ্লিষ্ট যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কর্মকর্তাদের আমন্ত্রণ জানাবে।

৫. আইটি ভিশন সোসাইটি সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের তালিকাসহ সনদপত্র তৈরীর কার্যক্রম সম্পাদন করে আইটি ভিশন সোসাইটির চেয়ারম্যান/প্রকল্প পরিচালক এর স্বাক্ষর সম্পন্ন করে যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক বরাবর প্রেরণ করবে।

৬. আইটি ভিশন সোসাইটি প্রতি বৎসর প্রশিক্ষণের অগ্রগতির প্রতিবেদন যুব উন্নয়ন অধিদপ্তরে প্রেরণ করবে।

৭. সমঝোতা স্মারক মোতাবেক ও যুব উন্নয়ন অধিদপ্তর এর পরামর্শে মহাপরিচালক কর্তৃক অনুমোদন সাপেক্ষে আইটি ভিশন সোসাইটি নিজ ব্যয়ে নির্ধারিত ফরমেট মোতাবেক প্রয়োজনীয় সংখ্যক সনদপত্র মুদ্রণ করবে।

৮. আইটি ভিশন প্রশিক্ষণের ক্ষেত্রে প্রতি প্রশিক্ষণার্থীর জন্যে ল্যাপটপ/কম্পিউটার ব্যবহার সুবিধা নিশ্চিত করবে।

৯. প্রশিক্ষণ পরিচালনার ক্ষেত্রে প্রশিক্ষণ শুরুর আগে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তররের নিকট হতে অনুমোদন নিতে হবে। সেক্ষেত্রে অনুমোদনের জন্য প্রশিক্ষণার্থীর তালিকা প্রশিক্ষণ শুরুর ০৭ দিন আগে উপপরিচালক বরাবর প্রেরণ করতে হবে। প্রশিক্ষণার্থীদের বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং বয়স ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে। সকল ক্ষেত্রে এনআইডি/জন্ম নিবন্ধন থাকতে হবে।

১০. প্রশিক্ষণের উদ্বোধনী ও সমাপনী দিবসে জেলা কার্যালয়ের উপপরিচালক ও জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের উপস্থিত নিশ্চিত করতে হবে।

১১. প্রশিক্ষণ সমাপনী পরীক্ষায় যুব উন্নয়ন অধিদপ্তররের প্রতিনিধি উপস্থিত থাকবেন এবং টেবুলেশন সিটে প্রতিনিধির স্বাক্ষর থাকতে হবে।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কচ ৬৬১৯৭৫১

১২. প্রতি ব্যাচে প্রতি কেন্দ্রে সর্বোচ্চ ৮০ জন এবং বছরে নির্ধারিত লক্ষ্যমাত্রা থাকবে। কোনক্রমেই লক্ষ্যমাত্রার অধিক প্রশিক্ষণ প্রদান করা যাবে না। বছরের শুরুতে লক্ষ্যমাত্রা অধিদপ্তরের সাথে আলোচনা করে নির্ধারণ করে নিতে হবে।

১৩. সনদপত্র জেলার উপপরিচালক ও আইটি ভিশনের স্থানীয় কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার যৌথ স্বাক্ষরে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন সাপেক্ষে প্রদান করা হবে। এ ক্ষেত্রে প্রশিক্ষণ শেষের ৭দিন আগে টেবুলেশনসিট অনুমোদনের জন্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। তবে সনদপত্র আইটি ভিশন সোসাইটি যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে আলোচনা করে নমুনা নির্ধারণ করে নিজ ব্যয়ে সনদপত্র প্রস্তুত করবেন।

১৪. কম্পিউটার প্রশিক্ষণের জন্য যন্ত্রপাতি ও উচ্চ গতির ইন্টারনেট সংযোগ সম্বলিত কম্পিউটারসহ ল্যাব স্থাপনের মাধ্যমে এই প্রশিক্ষণ পরিচালনা করবে। আইটি ভিশন কর্তৃপক্ষ জেলা পর্যায়ে নিজ খরচে কম্পিউটার ল্যাব স্থাপন করবে। উপপরিচালক কর্তৃক ল্যাব পরিদর্শনের সন্তোষজনক প্রতিবেদনের ভিত্তিতে প্রশিক্ষণের অনুমতি যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রদান করা হবে।

১৫. প্রশিক্ষণের মেয়াদ কমপক্ষে ৩৬০ ঘন্টা হতে হবে। তবে প্রত্যহ ৪টি ক্লাশের বেশী নেওয়া যাবে না। ৪০% তত্ত্বীয় ক্লাশ এবং ৬০% ব্যবহারিক ক্লাশ থাকতে হবে। ৯০% এর কম উপস্থিতি হলে সনদ দেওয়া যাবে না। প্রতিটি প্রশিক্ষণে ৪০ জনের ব্যাচ থাকবে। প্রত্যেকের জন্য ১টি করে কম্পিউটারের ব্যবস্থা থাকতে হবে।

১৬. প্রশিক্ষণ ফি ০৬ মাসের জন্য প্রতিজন ৩০০০/- গ্রহণ করবে যা থেকে ১০০/- সরকারী কোষাগারে নির্দিষ্ট কোডে জমা প্রদান করবে।

১৭. সমঝোতা স্মারক স্বাক্ষর হলে তা দুই বছরের জন্য কার্যকর থাকবে। প্রশিক্ষণ কার্যক্রমে কোন অনিয়ম প্রমাণিত হলে ৩০ দিনের নোটিশের মাধ্যমে সমঝোতা স্মারক বাতিল হবে।

**যুব উন্নয়ন অধিদপ্তরের করণীয় :**

১. যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কর্মকর্তা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও ভর্তি বিষয়ে আইটি ভিশন সোসাইটিকে প্রয়োজনীয় নির্দেশনা, পরামর্শ ও সহযোগিতা প্রদান করবেন।

২. যুব উন্নয়ন অধিদপ্তর প্রতিনিধি, কর্মকর্তা সোসাইটির বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রসমূহে (আবাসিক/অনাবাসিক/ভ্রাম্যমান) পরিদর্শন করতে পারবেন।

**যুব উন্নয়ন অধিদপ্তর ও আইটি ভিশন সোসাইটির যৌথভাবে করণীয় :**

১. যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে জেলা কর্মকর্তা ও আইটি ভিশন সোসাইটির পক্ষে চেয়ারম্যান/প্রকল্প পরিচালক যৌথ স্বাক্ষরে সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান করা হবে।

২. যুব উন্নয়ন অধিদপ্তর ও আইটি ভিশন সোসাইটি কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মসূচি ও অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে যৌথভাবে কাজ করবে।

৩. এ সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন মতবিরোধ বা সমস্যার উদ্ভব হলে উভয় প্রতিষ্ঠান যৌথভাবে তা সমাধান করবে। যদি ঐ সময়ে কোনো চলমান কোর্স থাকে তা সমাপ্তি ও সনদপত্র বিতরণ না হওয়া পর্যন্ত উক্ত MoU বহাল থাকবে।

৪. এই সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছর কার্যকর থাকবে। তবে উভয় পক্ষের সম্মতিতে এ সমঝোতা স্মারকের মেয়াদ বৃদ্ধি করা যাবে।

৫. যুব উন্নয়ন অধিদপ্তর - আইটি ভিশন সোসাইটি ল্যাব/ভেন্যু (শূন্য সাপেক্ষে) পরস্পর কোন কর্মশালার জন্য ব্যবহার করতে পারবে।

৬. ৬ মাস (৩৬০ ঘন্টা) মেয়াদী প্রশিক্ষণ কোর্সের কারিকুলাম আইটি ভিশন সোসাইটি কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তরে প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রেরণ করবেন এবং যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত হবে এবং এর একটি কপি যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ে আইটি ভিশন সোসাইটি জমা দিবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳৫০ ৳৫০

পঞ্চাশ টাকা

কচ ৬৬১৯৭৫২

৭. যৌথ উদ্যোগে পরিচালিত প্রকল্প/কর্মশালা/সাইনবোর্ড/দাপ্তরিক কাজে প্যাড/জাতীয় দিবস ও বিভিন্ন অনুষ্ঠানের কর্মসূচি ব্যানারে আইটি ভিশন সোসাইটির ডান পাশে যুব উন্নয়ন অধিদপ্তর লগো ব্যবহার করা হবে। তবে সেই ক্ষেত্রে নিম্ন কথাটি থাকা আবশ্যক "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে যৌথ উদ্যোগে কার্যক্রম (A joint program of Information Technical Vision Society with Department of Youth Development (Ministry of Youth & Sports)

৮. এ সমঝোতা স্মারকের আওতায় প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে কোন কেন্দ্রে বেআইনি কার্যক্রম হলে তা অপরাধ হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট দায়ী ব্যক্তি /ঐ কেন্দ্রের বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯. MoU এর আলোকে কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থানীয় প্রশাসনের সহযোগিতা গ্রহণ করা হবে। যুব উন্নয়ন অধিদপ্তর ও আইটি ভিশন সোসাইটির ফোকাল পয়েন্ট এ সমঝোতা স্মারক সুষ্ঠভাবে বাস্তবায়নে নিমিত্ত পক্ষদ্বয়ের মধ্যে সার্বক্ষনিক সমন্বয় ও যোগাযোগ রক্ষার্থে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক এক জন ফোকাল কর্মকর্তা নিয়োগ করা হবে এবং আইটি ভিশন সোসাইটির পক্ষে প্রজেক্ট ডিরেক্টর ফোকাল কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন।

ইনফরমেশন টেকনিক্যাল ভিশন সোসাইটির
(আইটি ভিশন সোসাইটি) পক্ষে

মোঃ এমদাদুল করিম 01/01/2023
চেয়ারম্যান

স্বাক্ষী ১।

২। ২/১/২৩
রীমা শারমিন
কো- অর্ডিনেটর
আইটি ভিশন সোসাইটি
ঢাকা।

যুব উন্নয়ন অধিদপ্তরের –পক্ষে

২/১/২০২৩

মোঃ আজহারুল ইসলাম খান
মহাপরিচালক (গ্রেড-১)

মোঃ আজহারুল ইসলাম খান
মহাপরিচালক (গ্রেড-১)
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাক্ষী ১। ২.১.২০২৩
খন্দকার মোঃ রুহুল আমীন (যুগ্ম সচিব)
পরিচালক (প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর

২। ২/১/২৩
ফরহাত নূর
উপ-পরিচালক (প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।